



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

Honours Professional Admission 2023-2024

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৪/৩০৫২

তারিখ: ১২/১২/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ০৪ ডিসেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয় হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৪/২৯৬৮, তারিখ: ৩০/০৬/২০২৪ এ প্রকাশিত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus (Professional)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:	০৪/১২/২০২৪ থেকে ১৫/১২/২০২৪
২)	আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ:	০৫/১২/২০২৪ থেকে ১৭/১২/২০২৪
৩)	কলেজ কর্তৃক অনলাইনে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	০৫/১২/২০২৪ থেকে ১৮/১২/২০২৪
৪)	কলেজ কর্তৃক নিশ্চয়নকৃত আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফির জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ প্রার্থী প্রতি ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা হারে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	১৯/১২/২০২৪ থেকে ২৪/১২/২০২৪

০১.১২.২০২৪

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৬৮,
ই-মেইল- deanug@nubd.info
তারিখ: ১২/১২/২০২৪

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৪/
অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

০২/১২/২০২৪

(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪